



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



Website: www.bb.org.bd

এস.ডি. সার্কুলার নং-০৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

পরিসংখ্যান বিভাগ

৭ চৈত্র, ১৪২৮

তারিখ: -----

২১ মার্চ, ২০২২

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানিসমূহের অফশোর ব্যাংকিং ইউনিট (OBU) এর জন্য কোড বরাদ্দ প্রসঙ্গে।

অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধির সাথে সাথে অফশোর ব্যাংকিং ইউনিট (OBU) এর কার্যক্রম দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। সঠিক ভাবে OBU এর তথ্য/উপাত্ত সংগ্রহ, সংকলন ও সংরক্ষণের প্রয়োজনে প্রতিটি OBU এর জন্য একটি করে OBU কোড বরাদ্দের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হচ্ছে। OBU এর তথ্য/উপাত্তের রিপোর্টিং কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:-

১। নতুন OBU এর কার্যক্রম চালু হওয়ার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট কাগজপত্রসহ OBU কোডের জন্য পরিসংখ্যান বিভাগে আবেদন করতে হবে।

২। কোন OBU এর কার্যক্রম বন্ধ হলে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কোড বাতিলের জন্য পরিসংখ্যান বিভাগকে অবহিত করতে হবে।

৩। পূর্বের বরাদ্দকৃত OBU কোডসমূহ (এফইপিডি কর্তৃক বরাদ্দকৃত সহ) বলবৎ থাকবে।

৪। অফশোর ব্যাংকিং ইউনিটের অনুমোদন গ্রহণের পর তথ্য/উপাত্ত দাখিলের জন্য OBU কোড শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগ কর্তৃক বরাদ্দ করা হবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ সাইফুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৫৩৫